

রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রাজশাহী-৪৫০০

ইমেইল : contact@rmstu.ac.bd, ওয়েব : www.rmstu.ac.bd, মোবাইল: ০১৭০-৪৩৮৩৬৪২

স্মারক নং: রাবিপ্রবি/একাডেমিক/২০২১-২২ শি: ড:/৪৩/২০২২/২০৯

তারিখ: ৩১ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
১৬ অক্টোবর ২০২২খ্রি.

ভর্তি বিজ্ঞপ্তি

রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২১-২২ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান)/ স্নাতক (ইঞ্জিনিয়ারিং) ১ম বর্ষে ভর্তির জন্য যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদের নিকট হতে অনলাইনে www.admission.rmstu.ac.bd অথবা www.rmstu.ac.bd/admission/ আবেদন আহ্বান করা যাচ্ছে।

২। আবেদনের যোগ্যতা: GST (General, Science and Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ২০২১-২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

৩। অনুসদ, বিভাগ ভিত্তিক আসন সংখ্যা এবং আবেদনের অত্যাৱশ্যকীয় শর্তাবলী:

| ক্র: নং | অনুসদ | বিভাগ ও আসন সংখ্যা | অত্যাৱশ্যকীয় শর্তাবলী |
|---------|-----------------------------|--|--|
| ক। | ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (৫০) | GST- A ইউনিটে ভর্তি পরীক্ষায় গণিত বিষয়ে উত্তর করতে হবে এবং ভর্তি পরীক্ষায় গণিত বিষয়ে > শূণ্য (০) নাথারধারীরা বিবেচনায় যোগ্য হবেন। |
| খ। | বায়োলজিক্যাল সায়েন্স | ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স (২৫) ফিশারিজ এন্ড মেরিন রিসোর্সেস টেকনোলজি (২৫) | GST-A ইউনিটে ভর্তি পরীক্ষায় সমস্তোর প্রাপ্তদের ক্ষেত্রে জীববিজ্ঞান বিষয়ে উত্তরদাতাদের ভর্তির জন্য অগ্রাধিকার দেয়া হবে। |
| গ। | বিজনেস স্টাডিজ | ম্যানেজমেন্ট (৫০) ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট (২৫) | GST- C ইউনিটে পরীক্ষায় সমান স্কোর প্রাপ্তদের ক্ষেত্রে ইংরেজি বিষয়ে প্রাপ্ত স্কোরকে ভর্তির জন্য অগ্রাধিকার দেয়া হবে। |
| মোট= | অনুসদ ৩ টি | আসন সংখ্যা ১৭৫ টি | |

৪। বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে আবেদনের অত্যাৱশ্যকীয় শর্তাবলী এবং আসন বন্টন:

| ক্র: নং | অনুসদ | বিভাগ | অত্যাৱশ্যকীয় শর্তাবলী |
|---------|----------------|---|---|
| ক। | বিজনেস স্টাডিজ | ম্যানেজমেন্ট ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট | <p>➤ GST-A ইউনিট হতে যেসকল শিক্ষার্থী রাবিপ্রবির বিজনেস স্টাডিজ অনুসদে (ম্যানেজমেন্ট এবং ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ) আবেদন করতে ইচ্ছুক সেসকল শিক্ষার্থীদের GST ভর্তি পরীক্ষায় সমান স্কোর প্রাপ্তদের ক্ষেত্রে GST তে গণিতে প্রাপ্ত স্কোরকে ভর্তির জন্য অগ্রাধিকার দেয়া হবে।</p> <p>➤ GST-B ইউনিট হতে রাবিপ্রবির বিজনেস স্টাডিজ অনুসদে আবেদনের জন্য GST ভর্তি পরীক্ষায় সমান স্কোর প্রাপ্তদের ক্ষেত্রে GST তে ইংরেজি বিষয়ে প্রাপ্ত স্কোরকে ভর্তির জন্য অগ্রাধিকার দেওয়া হবে।</p> |

বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে আসন বন্টন- GST- C ইউনিট হতে বিজনেস স্টাডিজ অনুসদে ভর্তির জন্য ৮০%, GST- A ইউনিট হতে বিজনেস স্টাডিজ অনুসদে ভর্তির জন্য ১৩% এবং GST- B ইউনিট হতে বিজনেস স্টাডিজ অনুসদে ভর্তির জন্য ৭% আসন সংরক্ষিত থাকবে। উল্লেখ্য, GST- A ও B ইউনিট থেকে যোগ্য শিক্ষার্থী পাওয়া না গেলে GST- C ইউনিট হতে সে আসন পূরণ করা হবে।

৫। উপরোক্ত আসনের মধ্যে কোটায় ভর্তির ক্ষেত্রে মুক্তিযোদ্ধা কোটা (FFQ), ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা (EMQ), পার্বত্য কোটা (NTQ), পোষা কোটা (WAQ) এবং প্রতিবন্ধী কোটা (PCQ) অর্ন্তভুক্ত থাকবে।



অপর পৃষ্ঠা দৃষ্টব্য

৬। আবেদনের সময় ও আবেদন ফি:


- ক) অনলাইনে আবেদনের সময়সীমা ১৭-১০-২০২২ খ্রি. দুপুর ১২.০০ টা হতে ২৭-১০-২০২২ খ্রি. দিবাগত রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত। টাকা জমা দেওয়ার শেষ সময় ২৮/১০/২০২২ খ্রি. দিবাগত রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত।
- খ) আবেদন ফি ৫০০/- (পাঁচশত) টাকা+ সার্ভিস চার্জ ১০/- (দশ) টাকা। আবেদনের ফি বিকাশ এবং নগদের মাধ্যমে প্রদান করতে হবে।

৭। আবেদনের পদ্ধতি:

- ক) আবেদনের জন্য শিক্ষার্থীদের www.admission.rmstu.ac.bd পোর্টালে লগইন করতে হবে।
- খ) আবেদন ফরম পূরণ করার সময় মোবাইল ফোন নম্বর ও পাসওয়ার্ড প্রদান করতে হবে, যা পরবর্তীতে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে।
- গ) একটি মোবাইল ফোন নম্বর দিয়ে কেবল একজন শিক্ষার্থীই আবেদন করতে পারবেন। এই মোবাইল ফোন নম্বরে পরবর্তীতে শিক্ষার্থীর সাথে যোগাযোগ করা হবে, তাই শিক্ষার্থীদের নিজের অথবা অভিভাবকের মোবাইল নম্বর ব্যবহার করার পরামর্শ প্রদান করা হল।
- ঘ) ভর্তির আবেদন প্রক্রিয়া, ফি প্রদান ও ভর্তি সংক্রান্ত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.rmstu.ac.bd/admission/ অথবা www.admission.rmstu.ac.bd জানা যাবে।
- ঙ) আবেদন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর শিক্ষার্থীদের মেধা তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.rmstu.ac.bd/admission/) যথাসময়ে প্রকাশ করা হবে।

৮। ভর্তির আবেদন সংক্রান্ত কোন তথ্য মিথ্যা, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে আবেদনটি সরাসরি বাতিল বলে গণ্য হবে। ভর্তির পরে আবেদনপত্রে কোন ভুল/মিথ্যা তথ্য ধরা পড়লেও ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিল হবে ও মিথ্যা তথ্য প্রদানের বিষয় প্রমাণিত হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। উপরোক্ত শর্তাবলীতে যে কোন পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।



অঞ্জন কুমার চাকমা
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

অনুলিপি:

- ১। মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর, রাবিপ্রবি।
- ২। পিএস টু ভিসি (সহকারী রেজিস্ট্রার), মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে, রাবিপ্রবি।
- ✓ ৩। সহকারী কম্পিউটার প্রোগ্রামার, আইটি শাখা, রাবিপ্রবি (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সহকারী পরিচালক (অ:দা:), জনসংযোগ দপ্তর, রাবিপ্রবি (পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অফিস কপি।